

স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.৪২.০৪২.২০১৫-৮১৬

তারিখঃ ১৯/০৭/২০১৭


বিষয়ঃ নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আজহারুল ইসলাম মন্ডান গত ৬টি পরিষদ সভায় অনুপস্থিতির বিষয়ে প্রাপ্ত আবেদনের উপর মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র : (১) বিভাগীয় কমিশনার, ঢাকার স্মারক নং- ৩৯৮, তারিখ- ১৯/০৬/২০১৭
(২) মোসাঃ নাছিমা আক্তার এর ২৮/০৬/২০১৭ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ১নং স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সোনারগাঁ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আজহারুল ইসলাম মন্ডান এর গত ৩০/০৫/২০১৬ তারিখ হতে উপজেলা পরিষদের পর পর ৬টি সভায় অনুপস্থিতির বিষয়ে 'উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ শূণ্যতা) বিধিমালা, ২০১৬' অনুযায়ী তদন্ত প্রতিবেদন পাওয়া যায়। উক্ত প্রতিবেদন বাস্তবতার নিরীখে সঠিক হয়নি মর্মে উল্লেখপূর্বক বিভিন্ন যৌক্তিকতা/কাগজাদিসহ পুনঃ তদন্তের জন্য ভাইস চেয়ারম্যান (মহিলা) মোসাঃ নাছিমা আক্তার ২নং সূত্রোক্ত স্মারকে এ বিভাগে আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, সোনারগাঁ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আজহারুল ইসলাম মন্ডান গত ৩০/০৫/২০১৬ তারিখ হতে পর পর ৬টি সভায় অনুপস্থিতি সংক্রান্ত সোনারগাঁ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা) মোসাঃ নাছিমা আক্তার হতে প্রাপ্ত আবেদনে উল্লিখিত বিষয়ে সুস্পষ্ট মতামত জবুরীভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে


(মোহাম্মদ জাহিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

বিভাগীয় কমিশনার
ঢাকা বিভাগ।

অনুলিপিঃ

১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।